

# যুগান্তর

প্রিন্ট: ০২ ডিসেম্বর ২০২৪, ০৬:৩৬ এএম

শিক্ষাঙ্গন

## জবির স্নাতকে ভর্তির মোট আসন ২ হাজার ৮১৫



জবি প্রতিনিধি

প্রকাশ: ০১ ডিসেম্বর ২০২৪, ০৯:৩৩ পিএম



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ প্রথম বর্ষে ভর্তির জন্য আবেদন আহ্বান করা হয়েছে। এবারের শিক্ষাবর্ষে মোট আসন সংখ্যা ২ হাজার ৮১৫ টি।

রোববার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, যে সকল শিক্ষার্থী ২০২১ বা ২০২২ খ্রিষ্টাব্দে এসএসসি বা সম্মান এবং ২০২৪ খ্রিষ্টাব্দে এইচএসসি বা সম্মান পরীক্ষায় উত্তীর্ণ তারা আবেদন করতে পারবেন।

বিজ্ঞপ্তি অনুযায়ী জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ‘এ’ ইউনিট বিজ্ঞান ও লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের আসন সংখ্যা ৮৬০টি। ‘বি’ ইউনিট কলা ও আইন অনুষদের আসন সংখ্যা ৭৮৫টি। ‘সি’ ইউনিট বিজনেস স্টাডিজ অনুষদের ‘বাণিজ্য’ শাখার শিক্ষার্থীদের জন্য আসন সংখ্যা ৪৬০ এবং বিজ্ঞানের শিক্ষার্থীদের জন্য আসন সংখ্যা ৪৪টি এবং মানবিক ও অন্যান্য শিক্ষার্থীদের জন্য আসন সংখ্যা ১৬টি।

‘ডি’ ইউনিট তথা সামাজিক বিজ্ঞান অনুষদে আসন সংখ্যা ৫৯০ টি এবং ‘ই’ ইউনিট তথা চারুকলা অনুষদের আসন সংখ্যা ৬০টি।

এ ছাড়া বিজ্ঞপ্তি অনুযায়ী আইন অনুষদে ভর্তির জন্য শিক্ষার্থীদের ‘বি’ ইউনিটের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। আইন অনুষদের আইন বিভাগে মোট আসন সংখ্যা ৮০টি, যার ৩০টি মানবিক, ৩০টি বিজ্ঞান ও ২০টি বাণিজ্য ও অন্যান্য শাখার শিক্ষার্থীদের জন্য। এ বিভাগে আবেদনের ক্ষেত্রে বাংলা ও ইংরেজিতে উচ্চ মাধ্যমিক ও সমমানের নূন্যতম এ মাইনাস গ্রেড থাকতে হবে।

এ ছাড়া আইন অনুষদের ভূমি ব্যবস্থাপনা ও আইন বিভাগে আসন সংখ্যা ৬০ টি যার মধ্যে ৪০টি মানবিক, ১০টি বিজ্ঞান ও বাকি ১০টি আসন বাণিজ্য ও অন্যান্য শাখার শিক্ষার্থীদের জন্য। এ বিভাগে আবেদনের ক্ষেত্রে বাংলা ও ইংরেজিতে উচ্চ মাধ্যমিক ও সমমানের নূন্যতম বি গ্রেড থাকতে হবে।



# বাংলাদেশ নৌবাহিনী

সরাসরি কমিশন্ড  
অফিসার পদে ২০২৫বি  
ডিইও ব্যাচে যোগ দিন

